**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/28/2023 **গভর্নর ক্যাথি হোকল**

## কোভিড-19 এর বিরুদ্ধে স্টেটের লড়াইয়ে অগ্রগতি সম্পর্কে গভর্নর হোকল ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদান করেন

***গভর্নর নিউ ইয়র্কবাসীদের COVID-19 এর বিরুদ্ধে সুরক্ষিত থাকা ও চিকিৎসা করানোর জন্য সরঞ্জামগুলোর ব্যবহার অব্যাহত রাখতে উৎসাহিত করেছেন: টিকা, বুস্টার, পরীক্ষা ও চিকিৎসা***

কোভিড-19 এর বিরুদ্ধে লড়াইয়ে স্টেটের অগ্রগতি সম্পর্কে গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্কবাসীকে আপডেট দিয়েছেন এবং ভাইরাসজনিত সংক্রমণের বিস্তার থেকে সুরক্ষিত থাকার জন্য তারা গ্রহণ করতে পারেন এমন প্রাথমিক পদক্ষেপগুলো বর্ণনা করেছেন।

"আসন্ন উষ্ণ আবহাওয়া সত্ত্বেও, এই বসন্তে নিজেদেরকে, প্রিয়জনদেরকে এবং নিজেদের কমিউনিটিগুলোকে নিরাপদ ও সুস্থ রাখার জন্য নিউ ইয়র্কবাসীদের অবশ্যই সতর্ক থাকতে হবে এবং নিজেদের কাছে থাকা সব হাতিয়ার ব্যবহার করতে হবে," **বলেছেন গভর্নর হোকল।** "বুস্টার ডোজ গ্রহণ করুন এবং টিকার ডোজগুলো নিয়ে হালনাগাদ থাকুন, একত্রিত হওয়া বা ভ্রমণ করার আগে পরীক্ষা করতে ভুলবেন না এবং পরীক্ষার ফলাফল পজিটিভ হলে চিকিৎসার সম্ভাব্য অপশনগুলো সম্পর্কে আপনার ডাক্তারের সাথে কথা বলুন।"

গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদেরকে সাধারণ প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের জন্য সনির্বন্ধভাবে অনুরোধ জানাচ্ছেন — যেমন টিকা নিয়ে হালনাগাদ থাকা এবং সঠিক স্বাস্থ্যবিধি অনুশীলন করা — যাতে কোভিড-19 থেকে সুরক্ষিত থাকা যায়। এছাড়াও গভর্নর নিউ ইয়র্কবাসীদেরকে তাদের বাইভ্যালেন্ট কোভিড-19 টিকার বুস্টার নেওয়ার জন্য অনুরোধ জানানো অব্যাহত রেখেছেন, যেটি মূল ভাইরাসের প্রজাতি এবং ছড়াতে থাকা প্রজাতি উভয়কেই টার্গেট করে।

বুস্টারের জন্য একটি অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে, নিউ ইয়র্কবাসীরা তাদের স্থানীয় ফার্মেসি, কাউন্টি স্বাস্থ্য বিভাগ, বা স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করা উচিত; কাছাকাছি অবস্থানগুলো খুঁজতে vaccines.gov ওয়েবসাইটে যান; জিপ কোড লিখে 438829 নম্বরে টেক্সট করুন অথবা 1-800-232-0233 নম্বরে ফোন করুন।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ টেলিভিশন, সোশ্যাল মিডিয়া এবং স্ট্রিমিং পরিষেবাগুলিতে এটির কোভিড-19 সংক্রান্ত 12-সপ্তাহের প্রচারাভিযান অব্যাহত রেখেছে যাতে

ইতোমধ্যে বিদ্যমান থাকা মেডিকেল সমস্যায় আক্রান্ত নিউ ইয়র্কবাসীদেরকে গুরুতর অসুস্থতা বা মৃত্যু এড়াতে সুপারিশকৃত বাইভ্যালেন্ট বুস্টার ডোজ নিয়ে হালনাগাদ থাকার গুরুত্ব বুঝতে উৎসাহিত করা যায়। 65 বছর বা তার বেশি বয়সী হওয়া, গর্ভবতী, স্থূলকায়, ডায়াবেটিক বা হার্ট বা ফুসফুসের রোগে আক্রান্ত হওয়া বা দুর্বল প্রতিরোধ ক্ষমতা থাকা সহ এই পরিস্থিতিসমূহ।

11 মে তারিখে কোভিড-19 সংক্রান্ত জনস্বাস্থ্য বিষয়ক জরুরি অবস্থার মেয়াদ শেষ হওয়ার ব্যাপারে ফেডারেল সরকারের পরিকল্পনাকে সামনে রেখে, নিউ ইয়র্ক স্টেটের কোভিড-19/টিকা সম্পর্কিত নিউজ রিলিজ পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত প্রতি সপ্তাহে শুক্রবারে প্রকাশিত হবে। নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের (Department of Health) অনলাইন ট্র্যাকারে কোভিড-19 এবং টিকা সংক্রান্ত সর্বশেষ ডাটা 24/7 অব্যাহতভাবে পাওয়া যাবে।

সেইসাথে, স্থানীয় স্বাস্থ্য বিভাগ এবং স্বাস্থ্যসেবা প্রদানকারীদের সাথে সহযোগিতার মাধ্যমে স্টেটের স্বাস্থ্য বিভাগ কোভিড-এর ডাটা সংগ্রহ ও রিপোর্ট করার ক্ষেত্রে পরিবর্তনগুলি মূল্যায়ন করছে, যাতে স্বাস্থ্যসেবা প্রদানকারীদের উপর বোঝা কমানো যায় এবং রোগের অবস্থা ও স্বাস্থ্যসেবা প্রদানকারী ব্যবস্থার সামর্থ্য পর্যবেক্ষণ করার সক্ষমতা বজায় রাখার জন্য ডাটার অন্যান্য উৎসগুলি ব্যবহার করা যায়৷ সংস্থাটি কোভিড-19 এর হুমকির প্রতি সাড়া দিতে প্রতিশ্রুতিবদ্ধ এবং কোভিড-19 থেকে সুরক্ষিত থাকতে এবং চিকিৎসা করার জন্য এসব হাতিয়ার ব্যবহারের জন্য নিউ ইয়র্কবাসীদেরকে উৎসাহিত করা অব্যাহত রেখেছে: টিকা, বুস্টার, পরীক্ষা ও চিকিৎসা৷

কোভিড-19 এর সাপ্তাহিক ডাটার সারসংক্ষেপ নিচে দেওয়া হলো:

- **প্রতি 100k-তে 7 দিনের গড় কেস সংখ্যা -** 2.60
- **গত 7 দিনে মোট পজিটিভ কেস -** 3,558
- **গত 7 দিনে রিপোর্টকৃত টেস্টের ফলাফল -** 222,578
- **এখন পর্যন্ত মোট পজিটিভ কেস -** 6,672,254
- **7 দিনে হাসপাতালে রোগী ভর্তি থাকার গড় সংখ্যা -** 684
- **7 দিনে হাসপাতালে নতুন ভর্তি হওয়া রোগীর গড় সংখ্যা -** 85
- **7 দিনে ICU-তে গড় রোগীর সংখ্যা -** 82
- **7 দিনে ইনটিউবেশন সহ ICU-তে গড় রোগীর সংখ্যা -** 38
- **গত 7 দিনে HERDS-এর মাধ্যমে স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোর রিপোর্টকৃত নতুন মৃত্যু -** 54
- **HERDS-এর মাধ্যমে স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোর রিপোর্টকৃত মোট মৃত্যু -** 62,447

হেলথ ইলেক্ট্রনিক রেসপন্স ডাটা সিস্টেম (Health Electronic Response Data System, HERDS) হলো নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের ডাটার একটি উৎস যা শুধুমাত্র হাসপাতাল, নার্সিং হোম ও প্রাপ্তবয়স্কদের সেবা কেন্দ্রগুলোর দ্বারা রিপোর্টকৃত নিশ্চিত ডাটা সংগ্রহ করে।

- **CDC-এর মাধ্যমে রিপোর্ট করা ও সংকলিত মোট মৃত্যু -** 79,467

স্বাস্থ্য বিভাগ ও নিউ ইয়র্ক সিটি দ্বারা CDC-এর কাছে রিপোর্টকৃত এই দৈনিক কোভিড-19 এর সাময়িক ডেথ সার্টিফিকেটের তথ্যে হাসপাতাল, নার্সিং হোম, প্রাপ্তবয়স্কদের সেবাসদন, বাড়ি, হসপিস ও অন্যান্য স্থানগুলি সহ যেকোনো স্থানে মারা যাওয়া ব্যক্তিরা অন্তর্ভুক্ত আছেন।

- **মোট প্রয়োগ করা টিকার ডোজ -** 44,001,156
- **গত 7 দিনে প্রয়োগ করা মোট টিকার ডোজ -** 27,360
- **18 বছর বা তার বেশি বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার প্রাইমারি সিরিজ সম্পন্ন করেছেন** - 85.6%
- **18 বছর বা তার বেশি বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার প্রাইমারি সিরিজ সম্পন্ন করেছেন (CDC) -** 90.8%
- **18 বছর বা তার বেশি বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ হালনাগাদ আছেন -** 16.6%
- **12-17 বছর বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার প্রাথমিক সব ডোজ পেয়েছে -** 74.7%
- **12-17 বছর বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার প্রাথমিক সব ডোজ পেয়েছে (CDC)** - 76.5%
- **12-17 বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ হালনাগাদ আছে -** 6.8%
- **5-11 বছর বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার প্রাইমারি সিরিজ সম্পন্ন করেছে -** 40.2%
- **5-11 বছর বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার প্রাইমারি সিরিজ সম্পন্ন করেছে (CDC) -** 41.2%
- **5-11 বছর বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ হালনাগাদ আছেন -** 4.1%
- **0-4 বছর বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার প্রাইমারি সিরিজ সম্পন্ন করেছেন** - 8.1%
- **0-4 বছর বয়সী নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ হালনাগাদ আছেন** - 8.1%
- **সকল নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার প্রাইমারি সিরিজ সম্পন্ন করেছেন -** 76.6%
- **সকল নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ টিকার প্রাইমারি সিরিজ সম্পন্ন করেছেন (CDC) -** 81.0%
- **সকল নিউ ইয়র্কবাসীদের যত শতাংশ হালনাগাদ আছেন -** 14.4%

বৃহস্পতিবার, 27 এপ্রিল পর্যন্ত প্রতিটি অঞ্চলের প্রতি 100,000 জনসংখ্যার মধ্যে 7-দিনের কেসের গড়:

| অঞ্চল | প্রতি 100 হাজারে 7 দিনের গড় কেসের সংখ্যা |
|---|---|

| | |
|---|---|
| Capital Region | 2.19 |
| Central New York | 1.55 |
| Finger Lakes | 2.76 |
| Long Island | 2.52 |
| Mid-Hudson | 4.01 |
| Mohawk Valley | 1.91 |
| New York City | 2.64 |
| North Country | 1.88 |
| Southern Tier | 1.96 |
| Western New York | 1.71 |
| **স্টেটব্যাপী** | **2.60** |

যেসব নিউ ইয়র্কবাসী 5 থেকে 11 বছর বয়সী শিশুদের জন্য টিকার অ্যাপয়েন্টমেন্ট নিতে চান তাদেরকে তাদের সন্তানের শিশুরোগ বিশেষজ্ঞ, পারিবারিক চিকিৎসক, কাউন্টি স্বাস্থ্য বিভাগ, ফেডারেলভাবে যোগ্যতাপ্রাপ্ত স্বাস্থ্য কেন্দ্র (Federally Qualified Health Centers), গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্র, বা যেসব ফার্মেসি এই বয়সদলের জন্য টিকাদান কার্যক্রম পরিচালনা করছে, তাদের সাথে যোগাযোগ করতে উৎসাহিত করা হচ্ছে। কাছাকাছি কেন্দ্রগুলো খুঁজে নিতে পিতামাতা ও অভিভাবকরা vaccines.gov, ওয়েবসাইটে যেতে পারেন, তাদের জিপ কোড 438829 নম্বরে টেক্সট করতে পারেন, অথবা 1-800-232-0233 নম্বরে ফোন করতে পারেন। নিশ্চিত করুন যে প্রদানকারী ফাইজার-বায়োএনটেক কোভিড-19 টিকা প্রদান করে, যেহেতু এই বয়স গোষ্ঠীর জন্য অন্য কোভিড-19 টিকা এখনো অনুমোদিত নয়।

স্বাস্থ্য বিভাগের ওয়েবসাইটে বিশেষভাবে এই বয়সী শিশুদের পিতামাতা ও অভিভাবকদের জন্য নতুন তথ্য, বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি ও উত্তর, ও সংস্থানসমূহ পাওয়া যাবে।

## প্রোভাইডারের অবস্থান অনুযায়ী আঞ্চলিক টিকাগ্রহণের ডাটা

টিকা ও বুস্টার পেয়েছেন এমন নিউ ইয়র্কবাসীদের ভৌগোলিক অঞ্চল অনুযায়ী ক্রমবর্ধমান মোট:

| অঞ্চল | টিকার সিরিজ সম্পন্ন করেছেন | হালনাগাদ আছেন |
|---|---|---|
| Capital Region | 911,622 | 232,307 |
| Central New York | 617,386 | 151,782 |

| | | |
|---|---|---|
| Finger Lakes | 830,707 | 245,897 |
| Long Island | 2,026,870 | 383,938 |
| Mid-Hudson | 1,576,900 | 345,547 |
| Mohawk Valley | 312,264 | 71,049 |
| New York City | 7,491,999 | 1,037,177 |
| North Country | 285,756 | 63,913 |
| Southern Tier | 420,623 | 109,436 |
| Western New York | 915,463 | 235,113 |
| **স্টেটব্যাপী** | **15,389,590** | **2,876,159** |

এই কোভিড-19 ভ্যাকসিন ট্র্যাকার ড্যাশবোর্ড নিউ ইয়র্কবাসীদের কোভিড-19 ভ্যাকসিন বিতরণের বিষয়ে আপডেট প্রদানের জন্য উপলভ্য। নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগের (New York State Department of Health) টিকাদান কেন্দ্রগুলোকে কোভিড-19 টিকা প্রয়োগের সব তথ্য 24 ঘণ্টার মধ্যে রিপোর্ট করা বাধ্যতামূলক করেছে; এই স্টেটের টিকাদান প্রচেষ্টার সবচেয়ে হালনাগাদ ডেটা তুলে ধরার জন্য টিকা প্রয়োগের ডেটা ড্যাশবোর্ডে প্রতিদিন আপডেট করা হয়। NYSIIS এবং CIR থেকে প্রাপ্ত নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health) দ্বারা রিপোর্ট করা ডাটার সাথে ফেডারেলভাবে রিপোর্ট করা ডাটার সামান্য পার্থক্য থাকে, যেখানে ফেডারালভাবে প্রয়োগ করা ডোজ এবং অন্যান্য ছোটখাট পার্থক্য অন্তর্ভুক্ত থাকে। উপরের রিলিজটিতে উভয় নম্বরই অন্তভুক্ত আছে।

**গুরুত্বপূর্ণ টীকা:** আজকের রিপোর্টে শুক্রবার, 21 এপ্রিল থেকে বৃহস্পতিবার 27 এপ্রিল পর্যন্ত সময়ের ডাটা রয়েছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন